তারিখ 24 SEP 2016
পৃষ্ঠা 6 কলাম 6

সমকাল

# 'একজন বিতার্কিক কখনও জঙ্গি হতে পারে না'

## ময়মনসিংহ ডিবেটিং সোসাইটি ও সুহৃদ সমাবেশের আয়োজন

ময়মনসিংহ ব্যুরো

একজন বিতার্কিক কখনও জঙ্গি হতে পারে না। বিতার্কিকরা হবে সমাজের আদর্শ মানুষ। গতকাল শুক্রবার ময়মনসিংহে প্রথম বিভাগীয় বিতর্ক উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা এ কথা বলেন। 'এসো ঋদ্ধ ভাবনায় গড়ি সমৃদ্ধ জীবন'– এ স্লোগানকে সামনে রেখে ময়মনসিংহ ডিবেটিং সোসাইটি ও সমকাল সুহৃদ সমাবেশ ময়মনসিংহ দিনব্যাপী এ বিতর্কের আয়োজন করে।

শহরের মহাকালী গার্লস স্কুল অ্যান্ড কলেজ মিলনায়তনে বিতর্ক উৎসবের উদ্বোধন করেন আনন্দ মোহন কলেজের অধ্যক্ষ অধ্যাপক মো. জাকির হোসেন। তিনি বলেন, মাদক ও সন্ত্রাসকে এ বিতর্ক প্রতিযোগিতার মধ্য দিয়ে মোকাবেলা করতে হবে। সমকাল ময়মনসিংহ ব্যুরোর স্টাফ রিপোর্টার মীর গোলাম মোস্তফার সভাপতিত্বে প্রথম বিভাগীয় বিতর্ক উৎসবে বক্তব্য রাখেন আনন্দ মোহন কলেজের গণিত বিভাগের প্রধান অধ্যাপক মো. আবুল কাশেম আকন্দ, সমকালের সহকারী সম্পাদক সিরাজুল ইসলাম আবেদ, বাংলাদেশ মাদ্রাসা টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, গাজীপুরের উপপরিচালক ড. মো. ফজলুল হক, ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজের সহকারী অধ্যাপক মো. মঈনুদ্দিন, মহাকালী গার্লস স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ জিয়াউদ্দিন শাকির, প্রভাষক নাহিদ মণ্ডল ও অপর্ণা সরকার। শুভেচ্ছা বক্তব্য রাখেন ময়মনসিংহ ডিবেটিং সোসাইটির সভাপতি আবুল কালাম আজাদ।

দিনব্যাপী অনুষ্ঠানমালার মধ্যে ছিল 'সকালে উঠিয়া আমি মনে মনে বলি...' বিষয়ক পাবলিক স্পিকিং, 'পরিবেশ বিপর্যয় মোকাবেলা একবিংশ শতাব্দীর সবচেয়ে বড় চ্যালেঞ্জ' শিরোনামে বারোয়ারি বিতর্ক, 'দুর্বল পারিবারিক বন্ধনই নৈতিক অধঃপতনের একমাত্র কারণ' শীর্ষক মডেল বিতর্ক, মুক্তিযুদ্ধবিষয়ক কুইজ প্রতিযোগিতা ও 'বাংলাদেশ আমার ভালোবাসা, বাংলাদেশ আমার গর্ব' বিষয়ক রচনা প্রতিযোগিতা। এতে ১৬টি স্কুল-কলেজের শতাধিক শিক্ষার্থী অংশ নেয়। অতিথিরা প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে ক্রেস্ট ও সব

পৃষ্ঠা ১৭ : কলাম ৭

## একজন বিতার্কিক

[তৃতীয় পৃষ্ঠার পর]

অংশগ্রহণকারীকে সনদ প্রদান করেন। ময়মনসিংহ সুহৃদ সমাবেশের সদস্য এবং সমকাল প্রতিনিধি কবীর উদ্দিন সরকার হারুন, শফিউল্লাহ সরকার শফিক ও মতিউর রহমান সেলিম এতে সহযোগিতা করেন।

অনুষ্ঠান শেষে সমকালের সহকারী সম্পাদক সিরাজুল ইসলাম আবেদ ৩৫ সদস্য বিশিষ্ট সুহৃদ সমাবেশ ময়মনসিংহ জেলা কমিটি ঘোষণা করেন। এতে আবুল কালাম আজাদকে সভাপতি, মোফাখখারুল ইসলাম টিটুকে সাধারণ সম্পাদক ও আহসান উল্লাহ রিয়াজকে সাংগঠনিক সম্পাদক করা হয়।